

জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্প (Establishment of National Gene Bank Project)

প্রকল্পের পটভূমি ও গুরুত্ব:

বিশ্বব্যাপী জীববৈচিত্র্য হুমকির সন্মুখীন। ইতোমধ্যে অনেক প্রজাতি বিলুপ্ত হয়ে গেছে, অনেক প্রজাতি বিলুপ্তির পথে। জীনগত ক্ষয় প্রতিরোধে, রোগ এবং কীটপতঙ্গ, জলবায়ু এবং পরিবেশগত অন্যান্য জৈব ও অজৈব চাপ প্রতিরোধী জাত উদ্ভাবনে, গুণগত মানোন্নয়ন এবং অধিক সহনশীলতাসমৃদ্ধ জাত উন্নয়ন, ইত্যাদি কাজে বিশ্বব্যাপী জেনেটিক রিসোর্সেসসমূহ সংগ্রহ ও সংরক্ষণ চলমান আছে। দেশের বিদ্যমান ও বিলুপ্তপ্রায় কৌলিসম্পদসমূহ (Genetic resources) সংরক্ষণ ও ব্যবহারের মাধ্যমে এর সুফল দেশ ও মানুষের কল্যাণে প্রয়োগের নিমিত্ত জীন ব্যাংক স্থাপনের প্রয়োজনীয়তা অপরিসীম। গত ২২/০৭/২০১০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত “জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় নির্বাহী কমিটির (NECB)” সভায় একমত পোষণ করা হয় যে, দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে গড়ে তোলা জীন ব্যাংকসমূহের কার্যক্রম সমন্বয় করা প্রয়োজন। এছাড়া এসকল জীন ব্যাংকে সংরক্ষিত জেনেটিক উপাদান সমূহের কোন ব্যাকআপ নেই। যে কোন কারণে সংরক্ষিত এই সম্পদসমূহ নষ্ট হয়ে গেলে তা পুনঃরায় সংগ্রহ করা দুরূহ হবে। গত ২৬/০৪/২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত “বাংলাদেশের জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় টাঙ্কফোর্স (NTBB)” এর ২য় সভায় “ন্যাশনাল জীন ব্যাংক” স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় আরও সিদ্ধান্ত গৃহীত হয় যে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি), ন্যাশনাল জীন ব্যাংক স্থাপনের জন্য প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। সে মোতাবেক এনআইবি কার্যক্রম গ্রহণ করে এবং গত ০৮ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় কিছু শর্ত সাপেক্ষে প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে গত ২১ অক্টোবর ২০১৮ তারিখে প্রকল্পটি চূড়ান্তভাবে অনুমোদন লাভ করে। অতঃপর মন্ত্রণালয় গত ১৫ নভেম্বর, ২০১৮ তারিখে একজন প্রকল্প পরিচালক এবং ৯ ডিসেম্বর ২০১৮ তারিখে একজন উপ-প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করে। সম্পূর্ণভাবে সরকারের অর্থায়নে ৫০৪০০.০০ লক্ষ টাকা ব্যয়ে মার্চ ২০১৮-জুন ২০২১ মেয়াদে এনআইবি “জাতীয় জীন ব্যাংক স্থাপন”/“Establishment of National Gene Bank” শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে।

প্রকল্পের মূল উদ্দেশ্যগুলো হল দেশে বিদ্যমান উদ্ভিদ, প্রাণী, মৎস্য, অণুজীব, কীটপতঙ্গ, অমেরুদণ্ডী প্রাণী, বনজ এবং মনুষ্য কৌলিসম্পদ (জেনেটিক রিসোর্সেস) কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো স্থাপন, জেনেটিক রিসোর্সেসসমূহের বৈশিষ্ট্য নির্ণয়ের জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত গবেষণাগার স্থাপন, সমৃদ্ধ ডাটাবেজ প্রণয়নের সুবিধাদি সৃজন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে জাতীয় জীন ব্যাংক পরিচালনার নীতিমালা প্রণয়ন।

অগ্রগতি:

আর্থিকঃ

- প্রকল্পের অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরে ১৪৪৪.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল যার শতভাগ ব্যয় হয়েছে।

ভৌতঃ

- প্রকল্পের আওতায় একটি বেজমেন্টসহ ১২তলা ল্যাব কাম অফিস এবং জীন ব্যাংক ভবন (৩৮৮১৪.৬ বর্গ মিটার) ও মাল্টিপারপাস হল এর নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ফাউন্ডেশনসহ বেজমেন্টের ছাদের ঢালাই সম্পন্ন হয়েছে। প্রথম তলার ছাদের কাস্টিং এর জন্য সংশ্লিষ্ট কাজ চলমান আছে।
- অফিসের জন্য আসবাবপত্র, অফিস সরঞ্জাম ও ১টি জীপ, ১টি মাইক্রোবাস এবং ৪টি মোটরসাইকেল ক্রয় করা হয়েছে।
- প্রকল্পের আওতায় আউটসোর্সিং এর মাধ্যমে ১৪ জন জনবলের (৩জন সহকারী প্রকৌশলী, ১ জন আর্কিটেক্ট, ২ জন উপ-সহকারী প্রকৌশলী, ১ জন অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট, ২ জন ড্রাইভার, ২ জন অফিস সহায়ক ও ২ জন নিরাপত্তা সহগামী) সেবা গ্রহণ করা হচ্ছে।
- একটি ১০তলা ব্যাচেলর-কাপল-ভিআইপি ডরমিটরী ভবন (৬৫৯৭.৫ বর্গ মিটার), দুটি অফিসার্স কোয়ার্টার (একটি ১০তলা ভবন- ১৫০০ বর্গফুট/ইউনিট এবং ৪ ইউনিট/ফ্লোর ও একটি ১৪তলা ভবন- ১১২০বর্গফুট/ইউনিট এবং ৪ ইউনিট/ফ্লোর) নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে।
- পরিচালকের বাংলো (একটি ২তলা ভবন, ১৫২০ বর্গফুট/ফ্লোর), দুটি স্টাফ কোয়ার্টার (একটি ১০তলা ভবন, ৮২০ বর্গফুট/ইউনিট এবং ২ ইউনিট/ফ্লোর ও একটি ২০তলা ভবন- ৬৮০ বর্গফুট/ইউনিট এবং ৪ ইউনিট/ফ্লোর), সীমানা

প্রাচীর, সাব-স্টেশন বিল্ডিং, এনিম্যাল সেড, প্ল্যান্ট কোয়ারান্টাইন সেড, নন সীড প্ল্যান্ট সেড, অভ্যন্তরীণ রাস্তা ও কম্পাউন্ড ড্রেন/সারফেস ড্রেন নির্মাণের জন্য প্রাক্কলনের কাজ চলমান আছে।

পরিদর্শন ও অবহিতকরণ:

সচিবসয়ারসহ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ প্রকল্পের কাজের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য প্রকল্প সাইট পরিদর্শন করেছেন। তাছাড়া এনআইবি'র পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দ, বায়োটেকনোলজি বিষয়ে জাতীয় কারিগরি কমিটির সদস্যবৃন্দ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দকে জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি অবহিত করার জন্য গত ২২/০৬/২০১৯ তারিখে একটি অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হয়।



গত ১৭ এপ্রিল ২০১৯ তারিখে সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন মহোদয়ের জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্পের সাইট পরিদর্শন।



জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্পের কার্যক্রমের বর্তমান অগ্রগতি।



জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্পের অগ্রগতি অবহিতকরণ কর্মশালায় বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব জনাব মুহাম্মদ আকবর হুসাইন।



অগ্রগতি অবহিতকরণ কর্মশালায় আগত সদস্যবৃন্দের জাতীয় জীন ব্যাংক স্থাপন প্রকল্পের সাইট পরিদর্শন।